

নম্বর 7

এগজিকিউটিভ অর্ডার

একজন প্রসিকিউটর নির্বাহী আদেশ 147.41 থেকে উদ্ভূত বা এর সাথে সম্পর্কিত বিষয়াদি তদন্ত করবেন, এবং প্রয়োজনে, বিচারের আওতায় আনবেন

যেখানে, নিউ ইয়র্ক রাজ্যের সংবিধান গভর্নরকে নিউ ইয়র্কের আইন বিশ্বস্তভাবে অনুষ্ঠিত হওয়ার দেখভাল করতে বাধ্য করে; এবং

যেখানে, আমি সংবিধানের 13 নং আর্টিকেলের 1 নং সেকশন অনুযায়ী শপথ নিয়েছি, সংবিধানকে সমর্থন করার এবং বিশ্বস্ততার সাথে গভর্নরের দপ্তরের দায়িত্ব পালনের জন্য; এবং

যেখানে, 22 ডিসেম্বর, 2020 তারিখে আলস্টার কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে ইন্টারস্টেট 87 তে, নিউ ইয়র্ক স্টেট পুলিশের ট্রুপার ক্রিস্টোফার বন্ডনার এবং আরেকজন ব্যক্তির মাঝে একটি গাড়ির মুখোমুখি সংঘর্ষ সংঘটিত হয় যার ফলে মোনিকা গুডসের মৃত্যু হয় ("গুডস ঘটনা"); এবং

যেখানে, নির্বাহী আদেশ 147 এবং 147.41 অনুসারে, অ্যাটর্নি জেনারেলকে গুডস ঘটনার পরিস্থিতির তদন্তে বিশেষ প্রসিকিউটর হিসাবে দায়িত্ব দেওয়া হয়েছিল, এবং প্রয়োজনে, যেকোনো সম্পর্কিত আইনশৃঙ্খলা প্রয়োগ অফিসারকে বিচারের আওতায় আনার দায়িত্ব দেওয়া হয়; এবং

যেখানে, অ্যাটর্নি জেনারেল গুডস ঘটনা তদন্তের সময়ে জানতে পারেন যে, ট্রুপার বন্ডনার অতীতে দুইটি ঘটনায় একই ধরণের আচরণ করেন, যার ফলে দুইটি গাড়ির মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটে; এবং

যেখানে, অ্যাটর্নি জেনারেল গুডস ঘটনাটি আলস্টার কাউন্টির গ্র্যান্ড জুরির সামনে উপস্থাপন করবেন এবং ট্রুপার বন্ডনারের বিরুদ্ধে যেকোনো এবং সকল উপযুক্ত চার্জ বিবেচনা করার জন্য গ্র্যান্ড জুরিকে অনুরোধ করবেন; এবং

যেখানে, গুডস ঘটনার গ্র্যান্ড জুরির সামনে উপস্থাপনের অংশ হিসাবে, অ্যাটর্নি জেনারেল প্রধান সাক্ষ্যের অংশ হিসাবে ট্রুপার বন্ডনারের সাথে পূর্বের ঘটনা দুটিতে জড়িত ব্যক্তিদের ডাকবেন; এবং

যেখানে, অ্যাটর্নি জেনারেল ট্রুপার বন্ডনারের বিরুদ্ধে পূর্বের ঘটনা দুটির জন্য যেকোনো এবং সকল উপযুক্ত চার্জ বিবেচনা করার জন্য গ্র্যান্ড জুরিকে অনুরোধ করার অনুমোদন চাচ্ছেন, এবং যদি গ্র্যান্ড জুরি ট্রুপার বন্ডনারের বিরুদ্ধে চার্জ দাখিলে ভোট দেন, তাহলে গুডস ঘটনার পাশাপাশি উক্ত চার্জগুলিকে বিচারের আওতায় আনার অনুমোদন চাচ্ছেন, এবং

যেখানে, নিউ ইয়র্ক স্টেট যাতে নিউ ইয়র্ক স্টেট পুলিশের কোন সদস্য দ্বারা ক্ষতির সম্মুখীন না হয় তা নিশ্চিত করা অত্যাবশ্যিক; এবং ন্যায় বিচার অর্থনীতির স্বার্থে, এবং

যেখানে, উপরিলিখিত ঘটনাগুলি আমাকে এই উপসংহারে যেতে বাধ্য করেছে যে, আমাদের ফৌজদারি বিচার ব্যবস্থার প্রতি পূর্ণ আস্থা নিশ্চিত করতে এবং আলস্টার কাউন্টির ডিসট্রিক্ট অ্যাটর্নির অনাপত্তিতে, একজন বিশেষ

প্রসিকিউটর নিয়োগ করা উচিত, যার ক্ষমতা উল্লিখিত বিষয় পরিচালনা, ব্যাখ্যা প্রদান, আইনের আওতায় আনা বা তদন্তের ক্ষেত্রে আলস্টার কাউন্টির ডিসট্রিক্ট অ্যাটর্নির ক্ষমতাবল এবং এখতিয়ারের উর্ধ্ব থাকবে।

এখন, অতএব, আমি, ক্যাথলিন হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং আইন দ্বারা আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, এবং বিশেষ করে নির্বাহী আইনের সেকশন 63 এর সাবডিভিশন 2 অনুসারে, এতদ্বারা অ্যাটর্নি জেনারেলকে (এরপর থেকে "বিশেষ প্রসিকিউটর") নিম্নোক্ত ঘটনাগুলির সাথে জড়িত ব্যক্তি কর্তৃক সকল বেআইনি ঘটনা, বা ঘটনা গোপন করা, বা কথিত বেআইনি কাজ বা ঘটনা গোপন করা, যার মধ্যে রয়েছে শপথভঙ্গ সহ মিথ্যা বয়ান দেওয়া তদন্ত করার, এবং প্রয়োজনে, বিচারের আওতাধীন করার অনুমোদন করছিঃ

- 26 জানুয়ারি, 2017 সালে সংঘটিত গাড়ির মুখোমুখি সংঘর্ষ যাতে নিউ ইয়র্ক স্টেট ট্রুপার ক্রিস্টোফার বন্দনার জড়িত, যেখানে তিনি একটি চিহ্নিত ট্রুপার যানবাহন চালনা করছিলেন, এবং একজন নাগরিক যিনি একটি নাগরিক পরিবহন চালনা করছিলেন, যেই ঘটনা নিউ ইয়র্ক স্টেটের আলস্টার কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেট ফ্রণ্ডয়ে ইন্টারস্টেট 87 তে ঘটে; এবং
- 6 সেপ্টেম্বর, 2019 সালে সংঘটিত গাড়ির মুখোমুখি সংঘর্ষ যাতে নিউ ইয়র্ক স্টেট ট্রুপার ক্রিস্টোফার বন্দনার জড়িত, যেখানে তিনি একটি চিহ্নিত ট্রুপার যানবাহন চালনা করছিলেন, এবং একজন নাগরিক যিনি একটি নাগরিক পরিবহন চালনা করছিলেন যার ভেতর আরও দুইজন নাগরিক ছিলেন, যেই ঘটনা নিউ ইয়র্ক স্টেটের আলস্টার কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেট ফ্রণ্ডয়ে ইন্টারস্টেট 87 তে ঘটে, এবং

উপরন্তু, বিশেষ প্রসিকিউটর এই আদেশের উদ্দেশ্যে নির্বাহী আইনের সেকশন 63 এর সাবডিভিশন 2 এবং 8 এ বর্ণিত সকল ক্ষমতা এবং দায়িত্ব লাভ করবেন এবং উপরিলিখিত ঘটনাসমূহের সাথে জড়িত যেকোনো ব্যক্তির তদন্ত করতে, এবং প্রয়োজনে বিচারের আওতাধীন করতে প্রয়োজনীয় সকল প্রসিকিউটোরিয়াল ক্ষমতা অর্জন এবং ব্যবহার করবেন, এবং বিশেষ প্রসিকিউটরের এখতিয়ার আলস্টার কাউন্টির ডিসট্রিক্ট অ্যাটর্নির ক্ষমতাবল এবং এখতিয়ারের উর্ধ্ব থাকবে, যার কেবল বিশেষ প্রসিকিউটর কর্তৃক তার উপর ন্যস্ত ক্ষমতা এবং দায়িত্ব থাকবে, যেমনটি নির্বাহী আইনের সেকশন 63 এর সাবডিভিশন 2 এবং 8 এ বর্ণিত আছে; এবং

উপরন্তু, এখানে বর্ণিত যেকোনো বিষয়ে, বিশেষ প্রসিকিউটর (i) আলস্টার কাউন্টিতে বা আলস্টার কাউন্টির পক্ষে সংঘটিত কাউন্টি বা সুপ্রিম কোর্টের একটি বা একাধিক টার্মে উপস্থিত থাকতে পারবেন, (ii) যেকোনো এবং সকল প্রসিডিং, পরীক্ষা এবং জিজ্ঞাসাবাদের উদ্দেশ্যে উক্ত কোর্টের যেকোনো টার্মের জন্য নির্বাচিত গ্র্যান্ড জুরির সামনে উপস্থিত হতে পারবেন, এবং (iii) এই নির্বাহী আদেশে বর্ণিত সকল বেআইনি কার্যক্রমের ক্ষেত্রে সকল সাক্ষি প্রদান পদক্ষেপ এবং প্রক্রিয়া যা উক্ত গ্র্যান্ড জুরির সামনে হয়েছে বা হতে পারে বা অন্য গ্র্যান্ড জুরির সামনে হয়েছে বা হতে পারে, তা নিতে অনুমোদিত হবেন।

এই নির্বাহী আদেশটি গভর্নর কর্তৃক সংশোধিত, মূলতবি বা নিষ্পত্তি হওয়ার আগ পর্যন্ত বহাল থাকবে।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবানি শহরে স্টেটের নিজস্ব
সিলমোহর সহ দুই হাজার একুশ সালের অক্টোবর
মাসের বিশতম দিনে এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব